

া সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২১১

৭/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৬১. যিহার।

باب فِي الظِّهَارِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيّ، حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ، عَنْ مُحَمَّد بْنِ إِسْحَاقَ، عَنْ مَعْمَر بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ، عَنْ خُويْلَةَ بِنْتِ عَنْ مُعْمَر بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ، عَنْ خُويْلَةَ بِنْتِ مَالِكِ بْنِ ثَعْلَبَةَ، قَالَتْ ظَاهَرَ مِنِّي زَوْجِي أَوْسُ بْنُ الصَّامِت فَجِئْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُجَادِلُنِي فِيهِ وَيَقُولُ " اتَّقِي اللَّهَ عَلِيه وسلم أَشْكُو إِلَيْهِ وَرَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُجَادِلُنِي فِيهِ وَيَقُولُ " اتَّقِي اللَّهَ فَإِنَّهُ ابْنُ عَمِّكِ " . فَمَا بَرِحْتُ حَتَّى نَزَلَ الْقُرْآنُ (قَدْ سَمِعَ اللَّهُ قَوْلَ اللَّبِي تُجَدِدُ وَلَى الْقَرْقِ مُنْ عَمِّكِ " . فَمَا بَرِحْتُ حَتَّى نَزَلَ الْقُرْآنُ (قَدْ سَمِعَ اللَّهُ قَوْلَ اللَّبِي يُعَدِدُ وَي اللَّهُ وَوْلَ اللَّهِ إِنَّهُ شَيْخٌ كَبِيرٌ مَا بِهِ مِنْ صِيامٍ . قَالَ " فَيْصَوُمُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ وَوْجِهَا) إِلَى الْفَرْضِ فَقَالَ " يُعْتِقُ رَقَبَةً " . قَالَتْ لاَ يَجِدُ قَالَ " فَلْيُطْعِمْ سَتِينَ مِسْكِينًا " . قَالَتْ مَا عِبْدَهُ مِنْ شَيْخٌ كَبِيرٌ مَا بِهِ مِنْ صِيامٍ . قَالَ " فَلْيُطْعِمْ سِتِينَ مِسْكِينًا " . قَالَتْ مَا يَعْرَقُ بِقَرَقٍ آخَرَ . قَالَ " قَدْ أَحْسَنْتِ اذْهَبِي فَأَطْعِمْ ي بِهَا عَنْهُ سِتِينَ مِسْكِينًا اللهِ إِنِّي أُعِينُهُ بِعَرَقٍ آخَرَ . قَالَ " قَدْ أَحْسَنْتِ اذْهَبِي فَأَطْعِمْ ي بِهَا عَنْهُ سِتِينَ مِسْكِينًا وَالْمَوْدَ وَهِذَا أَخُو عُبَادَةً بْنِ الصَّامِتِ . وَقَالَ أَبُو دَاوُدَ وَهَذَا أَخُو عُبَادَةَ بْنِ الصَّامِتِ .

حسن دون قوله والعرق (الألباني

বাংলা

২২১১. আল্ হাসান ইবন আলী খুওয়ায়লা বিনত মালিক ইবন সা'লাবা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমার সাথে আমার স্বামী আওস ইবনুস সামিত (রাঃ) যিহার করে। আমি এ সম্পর্কে অভিযোগ পেশের জন্য রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গমণ করি। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এ ব্যাপারে আমার সাথে বচসা করেন এবং বলেন, তুমি আল্লাহকে ভয় করো, সে তো তোমার চাচার ছেলে। এরপর



আমার বেরিয়ে আসার সাথে সাথেই কুরআনের এ আয়াত নাযিল হয়ঃ (অর্থ) ''আল্লাহ্ তা'আলা ঐ মহিলার কথা শ্রবণ করেছেন, যে তার স্বামী সম্পর্কে তোমার সাথে ঝগড়া করছে ... এখান থেকে কাফফারা (প্রদান) পর্যন্ত আয়াত নাযিল হয়।

তিনি বলেন, সে যেন একটি দাস আযাদ করে। তখন সে (মহিলা) বলে, তাঁর কোন দাস নেই। তিনি বলেন, সে যেন একাধারে দু' মাস রোযা রাখে। সে (মহিলা) বলে, হে আল্লাহ্র রাসুল! সে তো খুবই বৃদ্ধ। তার রোযা রাখার সামর্থ নাই। তিনি বলেন, সে যেন ষাটজন মিসকীনকে খানা খাওয়ায়। সে (মহিলা) বলে, তার নিকট সাদকা (কাফফারা) দেওয়ার মত কিছুই নেই। সে (মহিলা) বলে, সে সময় তাঁর নিকট থলে ভর্তি খুরমা আসে, যাতে এক ইর্ক পরিমাণ খুরমা ছিল। তিনি তা তাকে প্রদান করেন। সে বলে, হে আল্লাহ্র রাসুল! কাফফারার জন্য দেয়া বাকি আরো এক ইর্ক পরিমাণ খুরমা দিতে সে অপারগ। তিনি বলেন, তুমি খুব ভালই বলেছ। তুমি এর দ্বারাই ষাটজন মিসকীনকে খাওয়াও এবং তুমি তোমার চাচাত ভাইয়ের নিকট ফিরে যাও। রাবী বলেন, এক ইর্ক হল ষাট সা' এর সমান।

English

Narrated Khuwaylah, daughter of Malik ibn Tha'labah:

My husband, Aws ibn as-Samit, pronounced the words: You are like my mother. So I came to the Messenger of Allah (ﷺ), complaining to him about my husband.

The Messenger of Allah (ﷺ) disputed with me and said: Remain dutiful to Allah; he is your cousin.

I continued (complaining) until the Qur'anic verse came down: "Certainly has Allah heard the speech of the one who argues with you, [O Muhammad], concerning her husband..." [58:1] till the prescription of expiation.

He then said: He should set free a slave. She said: He cannot afford it. He said: He should fast for two consecutive months. She said: Messenger of Allah, he is an old man; he cannot keep fasts. He said: He should feed sixty poor people. She said: He has nothing which he may give in alms. At that moment an araq (i.e. date-basket holding fifteen or sixteen sa's) was brought to him.

I said: I shall help him with another date-basked ('araq). He said: You have done well. Go and feed sixty poor people on his behalf, and return to your cousin. The narrator said: An araq holds sixty sa's of dates.



Abu Dawud said: She atoned on his behalf without seeking his permission.

Abu Dawud said: This man (Aws b. al-Samit) is the brother of 'Ubadah b. al-Samit.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন